



## Office for People With Developmental Disabilities

KATHY HOCHUL  
গভর্নর

WILLOW BAER  
অ্যাক্টিং কমিশনার

জানুয়ারি 3, 2025

প্রিয় অভিভাবক,

নিউইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিস (OPWDD), ন্যাশনাল কোর ইন্ডিকেটরস (NCI)-IDD ইন-পারসন সার্ভে নামে একটি জরিপে অংশগ্রহণ করছে। এই জরিপ সারা দেশে হোম অ্যান্ড কমিউনিটি বেসড সার্ভিসেস (বাসাবাড়ি ও কমিউনিটিভিক পরিষেবা) মূল্যায়নের জন্য পরিচালনা করা হয়। জরিপটি OPWDD এর প্রদত্ত পরিষেবার মান উন্নত করতে ব্যবহৃত হবে।

NCI জরিপ করার জন্য OPWDD, **ভাইটাল রিসার্চ** এর সাথে কাজ করছে। জরিপটি OPWDD পরিষেবা গ্রহণকারী ব্যক্তিদের তারা যে পরিষেবাগুলি গ্রহণ করে সে বিষয়ে এবং কীভাবে তারা তাদের চাহিদা পূরণ করে সে সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করবে।

জরিপের জন্য এলোমেলোভাবে নির্বাচিত কোনো ব্যক্তির জন্য আপনাকে আইনী অভিভাবক হিসাবে চিহ্নিত করা হয়েছে। ভাইটাল রিসার্চের কেউ জরিপটি নিয়ে আলোচনা করতে ফেব্রুয়ারি থেকে জুন মাসের মধ্যে আপনাকে কল করতে পারে। আপনি এবং পরিষেবা গ্রহণকারী ব্যক্তি যদি অংশগ্রহণ করতে সম্মত হন তাহলে সাক্ষাৎকার গ্রহণকারীরা জুম (Zoom) ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেখা করার জন্য একটি সময় নির্ধারণ করবেন। সাক্ষাৎকারের জন্য একটি স্মার্ট ফোন, ট্যাবলেট বা কম্পিউটার ব্যবহার করা যেতে পারে।

আপনি যদি চান, আপনি সাক্ষাৎকারে যোগ দিতে পারেন এবং কিছু প্রশ্নের উত্তর দিতে সহায়তা করতে পারেন। কিছু প্রশ্নের উত্তর কেবল সরাসরি পরিষেবা গ্রহণকারী ব্যক্তিই দিতে পারবেন। আপনি যদি মনে করেন যে পরিষেবাগ্রহণকারী ব্যক্তির পক্ষে কিছু প্রশ্নের উত্তর দেওয়ার অন্য কোনো ব্যক্তির প্রয়োজন হতে পারে তাহলে অনুগ্রহ করে সাক্ষাৎকার গ্রহণকারীকে জানান যে তিনি আপনাকে কল করবেন কিনা।

জরিপটি স্বেচ্ছামূলক, এবং জরিপের মিটিংটি প্রায় 45 থেকে 60 মিনিট স্থায়ী হওয়ার কথা। আপনি অথবা পরিষেবা গ্রহণকারী ব্যক্তি যেকোনো সময় জরিপে অংশগ্রহণ করতে অস্বীকার করতে অথবা বন্ধ করতে পারেন। আমরা যাদের সহায়তা করি তাদের গোপনীয়তা আমাদের কাছে গুরুত্বপূর্ণ। উত্তরগুলি গোপনীয় রাখা হবে আর সেগুলি সরবরাহকারী, কেয়ার ম্যানেজার অথবা অন্যদের সাথে শেয়ার করা হবে না। NCI জরিপের কারণে, কোনো ব্যক্তি যে পরিষেবা গ্রহণ করছেন তার কোনো পরিবর্তন হবে না।

আমরা এই জরিপ সম্পর্কে আপনার সাথে কথা বলার জন্য আগ্রহী। আরো জানতে হলে, আপনি [www.vitalresearch.com/newyork/nci](http://www.vitalresearch.com/newyork/nci) ওয়েবসাইটটি দেখতে পারেন। আপনার মনে যদি প্রশ্ন থাকে অথবা আরো তথ্য চান তাহলে অনুগ্রহ করে **ভাইটাল রিসার্চ** কে (888) 351-4147 টোল ফ্রি নাম্বারে বা [NYNCIProject@vitalresearch.com](mailto:NYNCIProject@vitalresearch.com) ইমেইল আইডিতে যোগাযোগ করুন।

আন্তরিকভাবে,

টামিকা আর. ব্ল্যাক, Ph.D.

ডেপুটি কমিশনার

ডিভিশন অফ ডেটা স্ট্রাটেজি অ্যান্ড ম্যানেজমেন্ট

Division of Data Strategy and Management

44 Holland Ave, 3<sup>rd</sup> Floor, Albany, NY 12229 | Tel: 518.402.2239 | [www.opwdd.ny.gov](http://www.opwdd.ny.gov)